
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

# ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ডিজিটাল সেবাসমূহ

হালনাগাদঃ ২৫ জুন, ২০২০

## ১. ই-হজ ব্যবস্থাপনা সিস্টেম

মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী ই-হজ ব্যাবস্থাপনার জন্য ২০০৯ সাল থেকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় উন্নত হজ পরিচালনার জন্য তথ্য প্রযুক্তি ব্যবহার করে আসছে। মূলত তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে হজ ব্যাবস্থাপনা অনেক আধুনিক, কার্যকরী ও যুগোপযোগী হয়েছে। ২০০৯ সালে একটি ইন্টারেক্টিভ ওয়েব-ভিত্তিক হজ ম্যানেজমেন্ট সিস্টেম (www.hajj.gov.bd) তৈরি করা হয়েছিল। এর পর হজ ব্যবস্থাপনা সিস্টেমে নিবন্ধন, টাকা প্রদান, এসএমএস এর মধ্যমে হজযাত্রীদের বিভিন্ন তথ্য প্রদান ইত্যাদি অনেক ফিচার যুক্ত করা হয়। সারাবছরব্যাপী প্রাক-নিবন্ধন কার্যক্রম চলমান রয়েছে এবং একইসাথে পর্যায়ক্রমে হজযাত্রীদের ট্রান্সফার, রিফান্ড, রিপ্লেসমেন্ট, হেলথ প্রোফাইল, হজযাত্রীদের তথ্য সেবা প্রদানে কলসেন্টার, সৌদি ই-হজের সঙ্গে সমন্বয় করে সৌদি আরবের বাড়ি ব্যবস্থাপনা, ফ্লাইট ব্যবস্থাপনা ইত্যাদি অনেক ফিচার যুক্ত করা হয়। এছাড়াও সৌদি আরব পর্বের জন্য লাগেজ ব্যবস্থাপনা, হারানো হাজী ব্যবস্থাপনা, বাড়ি ভিত্তিক ফ্লাইটের তথ্য, স্বাস্থ্য সেবা ব্যবস্থাপনা ইত্যাদি মডিউল সংযোজন করা হয়।



| | |
|---|---|
| ২. | হজযাত্রীদের প্রাক্-নিবন্ধন<br><br>২০১৫ সালে সৌদি সরকার প্রদত্ত কোটার তুলনায় হজযাত্রীদের সংখ্যা বেশি হয় এবং সে সময় হজ ব্যবস্থাপনায় অনেক সমস্যার সম্মুখীন হতে হয়। উদ্ভূত সমস্যার সমাধানে রাজকীয় সৌদি সরকার এবং অন্যান্য দেশের সাথে তাল মিলিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ২০১৬ খ্রি./১৪৩৭ হি. সন থেকে প্রথমবারের মত হজযাত্রীদের প্রাক নিবন্ধন কার্যক্রম শুরু করেছে। হজযাত্রীদের হজে যাবার নিশ্চয়তা প্রদানের এই উদ্ভাবনের কারনে হজযাত্রীগণ নির্বিঘ্নে কোন রকম ঝামেলা ছাড়া পবিত্র হজ পালনে যেতে পারছেন। হজযাত্রীদের প্রাক-নিবন্ধন সেবা (এনআইডি তথ্য) প্রদানে নির্বাচন কমিশনের সাথে আন্তঃসংযোগ (Integration) এর মাধ্যমে হজের প্রাক-নিবন্ধন সম্পন্ন করা হয়।<br>https://prp.pilgrimdb.org/<br> |
| ৩. | হজযাত্রীদের নিবন্ধন<br><br>পূর্ব-নিবন্ধিত হজযাত্রীর সিরিয়াল অনুসারে সৌদি আরবের কোটা পাওয়ার পরে রেজিস্ট্রেশন করা হয়। অনলাইনে পাসপোর্ট যাচাইয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়। হজযাত্রীদের নিবন্ধন সেবা (পাসপোর্টের তথ্য ও ফিঙ্গারপ্রিন্ট) প্রদানে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে আন্তঃসংযোগ (Integration) এর মাধ্যমে হজযাত্রীদের নিবন্ধন করা হয় |
| ৪. | সরকারি ব্যবস্থাপনায় হজগমনেচ্ছুদের অনলাইনে প্রাক-নিবন্ধন সেবা<br><br>সরকারি ব্যবস্থাপনার হজযাত্রীগন হজ অফিস, ঢাকা, সকল জেলা প্রশাসকের কার্যালয়, ইসলামিক ফাউন্ডেশনের সকল জেলা/বিভাগীয় কার্যালয়, ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে হজের প্রাক্-নিবন্ধন করে থাকেন। তাদের প্রাক্-নিবন্ধনের জন্য ইতিপূর্বে সরকারি ব্যবস্থাপনার হজযাত্রী গন তাদের সংশ্লিষ্ট অফিসগুলোতে গিয়ে প্রাক-নিবন্ধন করতেন অথবা কল সেন্টারের মাধ্যমে প্রাক-নিবন্ধন সম্পন্ন করতেন। নতুন এই ই-সার্ভিস এর মাধ্যমে ঘরে বসেই একজন সরকারি ব্যবস্থাপনার হজে গমনেচ্ছু ব্যক্তি প্রাক-নিবন্ধন করতে পারেন।<br>https://prp.pilgrimdb.org/pilgrim-reg-request/create |
| ৫. | হজ গাইড মোবাইল অ্যাপস<br><br><br>"হজ গাইড মোবাইল অ্যাপস" হজযাত্রীদের বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাবলী দিয়ে সহায়তা করে যেমন হজের হজযাত্রীদের প্রোফাইল তথ্য, হজ পদ্ধতির প্রয়োজনীয় তথ্য, করনীয় ও বর্জনীয় সম্পর্কে দিকনির্দেশনা, হালনাগাদ সংবাদ ও তথ্য, প্রার্থনার সময়, জরুরী যোগাযোগ, ঐতিহাসিক স্থান সম্পর্কে তথ্য, মানচিত্রে অবস্থান, মানচিত্রে নিকটতম স্বাস্থ্যসেবা কেন্দ্রের অবস্থান, পবিত্র কোরআন থেকে বাংলা, ইংরেজি এবং আরবি ভাষায় সমস্ত সূরার অডিও, মানচিত্রে হাজি তাঁবু অবস্থান ও GPS লোকেশন, আবহাওয়ার সংবাদ, ইত্যাদি। মোবাইল অ্যাপসটি থেকে ম্যানেজমেন্ট ইউজার বিভিন্ন তথ্য যেমন প্রাক্-নিবন্ধন, নিবন্ধন, ফ্লাইটের তথ্য, ভিসার তথ্য ইত্যাদি হালনাগাদ সারসংক্ষেপ তথ্য দেখতে পারেন। অ্যাপসটি Google Play Store এবং App Store থেকে ডাউনলোড করা যাবে।<br>https://apps.apple.com/sa/app/haj-guide/id1387764857<br>https://play.google.com/store/apps/details?id=com.bat.pilgrimguide |

| | |
|---|---|
| ৬. | অনলাইনে হজযাত্রীদের প্রোফাইল অনুসন্ধান<br><br>একজন হজযাত্রী www.hajj.gov.bd হজ বিষয়ক পোর্টালে থেকে তার ট্র্যাকিং নম্বর অনুসন্ধানের মাধ্যমে তার প্রোফাইল সংক্রান্ত সকল হাল নাগাদ তথ্য যেমন প্রাক্-নিবন্ধন, নিবন্ধন, ফ্লাইটের তথ্য, বাসস্থানের তথ্য, গাইডের তথ্য, বেসরকারি ব্যবস্থাপনার ক্ষেত্রে তার এজেন্সির তথ্য, ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল ও ই-হেলথ সার্টিফিকেট ডাউনলোড, অনাপত্তি ফরম ডাউনলোড, পরবর্তী করনীয় ইত্যাদি সম্পর্কে জানবেন https://prp.pilgrimdb.org/web/pilgrim-search?q=N (N=হজযাত্রীর ট্র্যাকিং নম্বর) |
| ৭. | হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল<br><br>হজযাত্রীরা যাতে তাদের মেডিকেল প্রোফাইল এর তথ্য ফরম অনলাইন থেকে ডাউনলোড করেন। হজযাত্রী প্রিন্টকৃত হেলথ প্রোফাইল প্রিন্ট করে অনুমোদিত স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসেন। স্বাস্থ্য কেন্দ্রে মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ইউজার (ডাক্তার/ নার্স/ স্বাস্থ কর্মী) সিস্টেমে প্রদত্ত তথ্যের সঙ্গে স্বাস্থের রিপোর্ট যাচাই করে তা এন্ট্রি করেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের ইউজার ফরমের তথ্য নিশ্চিত করার পরই হজযাত্রীদের ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল টিকার ডিজিটাল প্রত্যয়নপত্র তৈরি হয় এবং এবং তা ডাউনলোড করে প্রিন্ট করা যায়।<br>https://prp.pilgrimdb.org/web/pilgrim-search?q=N (N=হজযাত্রীর ট্র্যাকিং নম্বর) |
| ৮. | হজযাত্রীদের প্রি-এরাইভাল ইমিগ্রেশন (Route to Makkah)<br><br>এ বছর হজ ব্যবস্থাপনায় অন্যতম সফলতা হল সৌদি কর্তৃপক্ষের “Makkah Route Initiative” ফ্রেমওয়ার্ক এর আওতায় সৌদি আরবের ইমিগ্রেশন বাংলাদেশেই সম্পন্ন করার উদ্যোগ গ্রহণ করে তা সফলভাবে বাস্তবায়ন। সৌদি ইমিগ্রেশন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় অবকাঠামো, আইটি সহযোগিতা ও নিয়মিত সমন্বয় সাধন করা হয়। এ কার্যক্রমের ফলে সৌদি আরবের জেদ্দায় বাংলাদেশী হজযাত্রীদের বিমান বন্দরে ০৬ থেকে ০৮ ঘন্টা অপেক্ষার সময় ও কষ্ট লাগব হয়েছে। প্রথম বছরেই অত্যন্ত সফলতার সাথে বাংলাদেশের প্রায় অর্ধেক হজযাত্রীর ইমিগ্রেশন সম্পন্ন হয়েছে। |
| ৯. | হজযাত্রীদের এসএমএস প্রেরণ<br><br>প্রত্যেক হজযাত্রীকে এসএমএস প্রেরণ করে তথ্য সেবা এবং বিভিন্ন বিষয়ে অবগতি ও করণীয় বিষয়সমূহ অবহিত করতে নোটিফিকেশন প্রদান করা হয়ে থাকে যেমন প্রি-রেজিস্ট্রেশনের ও রেজিস্ট্রেশনের নোটিফিকেশন, প্রশিক্ষণের স্থান, সময় ও তারিখে; টিকা গ্রহণের তারিখ ও স্থান; ভিসার জন্য সফলভাবে তথ্যাদি সৌদি এম্বাসিতে প্রেরণের নোটিফিকেশন ও ট্র্যাকিং নম্বর; হজ গাইড বরাদ্দের নোটিফিকেশন এবং হজ গাইডের নাম; মোয়াল্লেম বরাদ্দের নোটিফিকেশন এবং মোয়াল্লেম নম্বর; আইডি কার্ড প্রস্তুতের নোটিফিকেশন; ফ্লাইটের তথ্য ইত্যাদি। উল্লেখিত সেবা প্রদানের ফলে হজযাত্রীগণ ঘরে বসেই বিনামূল্যে বিভিন্ন তথ্য সেবা পাচ্ছেন এবং তাঁদের করণীয় সম্পর্কে জানতে পারছেন। এতে হজযাত্রীদের কোন বিড়ম্বনায় পড়তে হচ্ছে না। এছাড়া কমেছে ভিজিট সংখ্যাও। |
| ১০. | হজযাত্রীদের ভিসা লজমেন্ট সুষ্টুভাবে সম্পন্ন করতে কিউ ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন<br><br>হজযাত্রীদের ভিসা লজমেন্ট সঠিকভাবে সুসম্পন্ন করতে হজ অফিস (হাজী ক্যাম্প), ঢাকায় ভিসা লজমেন্ট কেন্দ্রে কিউ ম্যানেজমেন্ট সিস্টেম স্থাপন করা হয়েছে। প্রতি বছর হজ মৌসুমে হজযাত্রীদের ভিসা লজমেন্ট সম্পন্ন করতে সংশ্লিষ্ট এজেন্সীর প্রতিনিধিগণ ভিসা লজমেন্ট কেন্দ্রে আসেন। সেখানে এজেন্সীর প্রতিনিধিকে ভিসা লজমেন্ট করার জন্য একটি সিরিয়াল নম্বর দেয়া হয়। ডিসপ্লে সিস্টেমের মাধ্যমে ক্রমান্বয়ে সিরিয়াল নম্বর প্রদর্শন করা হয়ে থাকে এবং প্রদর্শিত সিরিয়াল নম্বর অনুযায়ী সংশ্লিষ্ট এজেন্সীর প্রতিনিধিগণ হজযাত্রীদের ভিসা লজমেন্ট করে থাকেন। এ সেবা চালুর ফলে হজ এজেন্সীর প্রতিনিধিগণ দ্রুততম সময়ে শৃঙ্খলা বজায় রেখে স্ব স্ব এজেন্সীর হজযাত্রীগণের ভিসা লজমেন্ট কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে পারেন। |
| ১১. | হজযাত্রীদের চিকিৎসা সেবায় কিউ ম্যানেজমেন্ট সিস্টেম<br><br>লক্ষাধিক হজযাত্রীর চিকিৎসা সেবা সুশৃঙ্খল করার লক্ষ্যে কিউ সিস্টেম চালু করা হয়েছে। এর ফলে সম্মানিত হজযাত্রীদের দীর্ঘ সময় লাইনে দাঁড়াতে হয়নি। হজযাত্রীদের বিশেষ করে বয়স্ক হাজিদের মেডিকেল সেবাদ্রুত দেয়া সম্ভব হয়েছে। |
| ১২. | হজযাত্রীদের তথ্য সেবায় ডিসপ্লে মনিটর/ ডিসপ্লে কিওস্ক<br><br>মক্কা মদিনার সকল সরকারি ব্যবস্থাপনার বাড়িতে হজ সংক্রান্ত নির্দেশিকা ও হালনাগাদ তথ্যাদি একযোগে ডিসপ্লে বোর্ডে প্রদর্শন। এছাড়াও হজ অফিস (হাজী ক্যাম্প), ঢাকায় হজযাত্রীদের তথ্য সেবায় ডিসপ্লে মনিটর/ ডিসপ্লে কিওস্ক স্থাপন করা হয় যেখানে হজযাত্রী তাদের ফ্লাইটের তথ্যসহ প্রয়োজনীয় নোটিশ, নির্দেশিকা দেখতে পারেন |

| | |
|---|---|
| ১৩. | সরকারী ব্যবস্থাপনায় হজযাত্রীদের অনুকূলে Details Information Letter সরাসরি হজ্জ ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম হতে প্রিন্ট করে প্রেরণ<br><br>প্রতি বছর হজ মৌসুমে সরকারি ব্যবস্থাপনায় হজযাত্রীদের অনুকূলে Details Information Letter প্রদান করা হয়ে থাকে। উক্ত পত্রের মাধ্যমে হজযাত্রীগণ তাঁদের হজযাত্রা বিষয়ক যাবতীয় তথ্যাদি (পিআইডি নম্বর, আইডি কার্ড, ফ্লাইট সংক্রান্ত তথ্য, আবাসন সংক্রান্ত তথ্য, হজ গাইড, মোয়াল্লেম নম্বর, ভিসা ও টিকা কনফারমেশন ইত্যাদি) জানতে পারেন। |
| ১৪. | এজেন্সীসমূহ ই-মনিটরিং সিস্টেম<br><br>বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের সুষ্ঠু ব্যবস্থাপনার লক্ষ্যে এজেন্সীসমূহের হজ সংক্রান্ত প্রস্তুতি, কার্যক্রম ইত্যাদি ই-মনিটরিং করা হয় যেমন হজযাত্রীদের বাড়ি বরাদ্দ করা হয়েছে কিনা, IBAN এ টাকা প্রেরণ করা হয়েছে কিনা, টিকিট এর জন্য পে-অর্ডার ইস্যু করা হয়েছে কিনা, সৌদি আরবের ই-হজ সিস্টেমে নিবন্ধন, ভিসা ইস্যু করা হয়েছে কিনা ইত্যাদি ই-মনিটরিং ও তাৎক্ষনাৎ ব্যবস্থা গ্রহণ |
| ১৫. | কল সেন্টার ও হেল্প ডেস্ক<br><br>হজ বিষয়ক কল সেন্টার 09602666707 হজ বিষয়ক তথ্যাদি প্রদান করে থাকেন। এছাড়াও হজ অফিস ঢাকা (আসকোনা) তে হজ সংক্রান্ত হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। উক্ত হেল্প ডেস্কে হজযাত্রীদের প্রাক-নিবন্ধন, নিবন্ধন, ফ্লাইটের তথ্য থেকে শুরু করে হজ বিষয়ক যে কোন তথ্যাদি প্রদান করা হয়। হজ বিষয়ক কল সেন্টার চালুর ফলে দেশের লক্ষাধিক হাজযাত্রী ছাড়াও দেশে-বিদেশের যে কেউ হজ বিষয়ক যে কোন তথ্যের সর্বশেষ তথ্যাদি পাচ্ছেন। |
| ১৬. | আল-কোরআন : ডিজিটাল<br><br>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিগত ১০ আগস্ট, ২০১২ খ্রি: (২৬ শ্রাবন, ২১ রমজান, রোজ শুক্রবার) তারিখে আল-কোরআনের ডিজিটাল ওয়েবসাইট www.quran.gov.bd আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন। বর্তমানে ওয়েবসাইটটি জনসাধারণের জন্য উন্মুক্ত রয়েছে। এ ওয়েবসাইটে গিয়ে পৃথিবীর যে কোন প্রান্ত থেকে যে কোন ব্যক্তি পবিত্র কোরআনের বাংলা, ইংরেজী ও আরবীতে প্রতিবর্ণায়ন অনুবাদ দেখতে, শুনতে ও পড়তে পারেন। |
| ১৭. | ইলেক্ট্রনিক হাজিরা<br><br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে ০২, জানুয়ারি, ২০১৮ তারিখ হতে ইলেক্ট্রনিক হাজিরা সিস্টেম চালু করা হয়।<br><br> |
| ১৮. | ডিজিটাল ডিসপ্লে সিস্টেম<br><br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রম, হালনাগাদ তথ্য ডিজিটাল ডিসপ্লে সিস্টেমে প্রদান করা হচ্ছে।<br>http://103.247.238.81/mora_display_board/pages/digital_display.php |
| ১৯. | প্রকল্পের ই-মনিটরিং<br><br>ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাঠপর্যায়ে চলমান প্রকল্পসমূহের কার্যক্রম মন্ত্রণালয়, প্রকল্পের প্রধান কার্যালয় এবং বিভাগ ও জেলা পর্যায় হতে বিভিন্ন অনলাইন এ্যপ্লিকেশন যেমনঃ স্কাইপ, ইমু, ম্যাসেঞ্জার, হোয়াটসঅ্যাপ, ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে নিয়মিত মনিটরিং করা হয়ে থাকে। |